



নং-৬৩৪/ক/অনু/২০১৫/১২৯৮

তারিখ: ১২/০৭/২০২১

বিষয় : প্রাথমিক পাঠদানের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলাধীন “সফিপুর আইডিয়াল পাবলিক কলেজ” এর প্রাথমিক পাঠদানের সময়সীমা আগামী ০১/০৭/২০২১ তারিখ থেকে ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

১। ব্যবসায় শিক্ষা শাখা ২। বিজ্ঞান শাখা

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। হিসাব বিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
- ৪। কৃষি শিক্ষা

বিজ্ঞান শাখা :

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন
- ৩। জীববিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ :

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত যেনে চলতে হবে;
- ৯। কোন শর্ত প্রতিপালনের ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

- ১০। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ১১। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১২। **উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।**
- ১৩। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১৪। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬
ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ


সফিপুর আইডিয়াল পাবলিক কলেজ [EiIN: 137591]
কালিয়াকৈর, গাজীপুর।

মেমো নং-১২৯৮ (৫)

তারিখ: ১২/০৭/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা